গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১১০.২০-৫৯

তারিখঃ ০৩ ফাল্গুন ১৪২৭ ব.
১৬ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং- ৫৭৯১/২০১৪ মামলার ২৮/০৫/১৫খ্রি. তারিখের রায়/নির্দেশনা অনুযায়ী কুমিল্লা জেলার চান্দিনা উপজেলাধীন পূর্ব মাইজখার মহিলা দাখিল মাদ্রাসা'র শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ২০০৯-২০১০ অর্থ বছরের ০১/০৫/১০ হতে জুন/১৮ অথবা জুলাই/১৮ যার জন্য যেটা প্রযোজ্য (বকেয়া দাবীকারী শিক্ষক-কর্মচারী উক্ত সময়ে বর্ণিত প্রতিষ্ঠানে কর্মরত থাকার বিষয়টি নিশ্চিত হওয়া সাপেক্ষে) পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতা (এমপিও) প্রদানসহ কনটেম্পট পিটিশন ৪২৭/২০২০ (রিট পিটিশন নং-৫৭৯১/২০১৪ হতে উদ্ভূত) মামলার বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র:
(১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯ , তারিখ: ৩১/০৫/২০১০ খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯ , তারিখ: ১৬/০৬/২০১০ খ্রি.
(৩) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০০৪.০৩১.১৭(অংশ)-২১ তারিখ: ১৭/০১/২০১৮ খ্রি.
(৪) আইন মন্ত্রণালয়ের স্মারক নং- ১০.০০.০০০০.১২৯.০৪.১২৫.১৯ , তারিখ: ০১/১১/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ৩১/৫/২০১০ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে কুমিল্লা জেলার চান্দিনা উপজেলাধীন পূর্ব মাইজখার মহিলা দাখিল মাদ্রাসাটি নতুন এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে ২০৫ নং ক্রমিকে নির্বাচিত করা হয় (রায়ের বর্ণনা হতে স্পষ্ট হয়) ।

২। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের ১৬/০৬/২০১০ তারিখে সূত্রোক্ত (২) সংখ্যক স্মারকমূলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিও তালিকা থেকে বাদ দেয়া হয়।

৩। ফলে পূর্ব মাইজখার মহিলা দাখিল মাদ্রাসা'র পক্ষে জনাব মো: খালেক গং কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৭৯১/২০১৪ মামলা দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলায় বিগত ২৮/০৫/১৫ তারিখে প্রদত্ত রায়ের শেষাংশে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়-

"The respondents concerned are hereby directed to include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 provided it fulfills the requirements as stipulated in the "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" ২০১০, (in short, the Janabal Kathamo, 2010)", within a period of 90 (ninety) days from date of receipt of the copy of the judgment and order.

৪। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং- ৭৭০/১৬ দায়ের করা হলে (২৮৬ দিন সময় তামাদির কারণে) মহামান্য আপিল বিভাগ কর্তৃক গত ৩০/০৭/২০১৭ খ্রি. তারিখে উক্ত মামলটি খারিজ করে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়:

"The leave petition is out of time by 286 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. Accordingly, the Civil Petition for Leave to appeal is dismissed as barred by limitation". ফলে রিট মামলার উক্ত রায় বহাল রয়ে যায়।

৫। ফলে মহামান্য হাইকোর্ট বিভাগের রায়/আদেশ বাস্তবায়ন হিসেবে আরো ০৩টি প্রতিষ্ঠানসহ মোট ০৪টি প্রতিষ্ঠানের অনুকূলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক এমপিও প্রদানের সিদ্ধান্ত দিয়ে টিএমইডি কর্তৃক গত ১৭/০১/২০১৮ খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে অন্যান্য আরো ০৩টি প্রতিষ্ঠানের সাথে আলোচ্য প্রতিষ্ঠানটির নাম এমপিও তালিকাভুক্ত করে আদেশ জারি করা হয়।

৬। তদপ্রেক্ষিতে ডিএমই কর্তৃক জুলাই/১৮ মাসে বর্ণিত প্রতিষ্ঠানের ১২ (বারো) জন শিক্ষক-কর্মচারী এবং সেপ্টেম্বর/১৮ মাসে আরো ০১ (এক) জনসহ মোট ১৩ (তের) জন শিক্ষক-কর্মচারীর অনুকূলে বকেয়া ব্যতীত বেতন ভাতা (এমপিও) ছাড় করা হয় এবং বর্তমানে উক্ত এমপিও চালু আছে মর্মে ডিসেম্বর/২০ মাসের এমপিও শীট হতে স্পষ্ট হয়।

৭। উল্লেখ্য- রিট মামলায় মহামান্য হাইকোর্টের ২৮/০৫/১৫ তারিখের আদেশে (..MPO for the financial year 2009-2010.... উল্লেখক্রমে) ২০০৯-১০ অর্থবছর হতে প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত করার নির্দেশনা থাকলেও প্রতিষ্ঠানটি উক্ত অর্থবছর হতে এমপিওভুক্ত করা হয়নি।

৮। ২০০৯-২০১০ অর্থবছর হতে উক্ত প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত না করায় মে/২০১০ হতে বকেয়া প্রদানের জন্য প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত সুপার কর্তৃক ০৩/১২/২০১৮খ্রি. তারিখে ডিজি, ডিএমই বরাবর আবেদন দাখিল করা হয়। উক্ত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় (০৯-১০ অর্থ বছর হতে বকেয়া না পাওয়ায়) বর্ণিত প্রতিষ্ঠানের ইবতেদায়ী প্রধান জনাব মো: রমিজ উদ্দিন কর্তৃক মহামান্য হাইকোর্টে কনটেম্পট পিটিশন ৪২৭/২০২০ (রিট পিটিশন নং-৫৭৯১/২০১৪ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়েছে। উক্ত কনটেম্পট মামলায় সচিব, টিএমইডি (জনাব মো: আমিনুল ইসলাম খান)-কে ১ নং এবং ডিএমই'র সাবেক ডিজি, (জনাব মো: সফিউদ্দিন আহমেদ)-কে ২ নং comtemnor Respondents করা হয়েছে।

৯। একইসাথে রিট পিটিশন নং-৫৭৯১/২০১৪ মামলায় মহামান্য হাইকোর্টের ২৮/০৫/১৫খ্রি. তারিখের রায়/আদেশের আলোকে পূর্ব মাইজখার মহিলা দাখিল মাদ্রাসা'র শিক্ষক-কর্মচারীদের বকেয়া (মে/১০ হতে জুন/১৮ অথবা আগস্ট/১৮ যার জন্য যা প্রযোজ্য) এমপিও পাওয়ার জন্য রিট ও আপীল মামলার রায়ের সার্টিফাইড কপিসহ আলোচ্য প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত সুপার কর্তৃক সচিব, টিএমইডি বরাবর আবেদন দাখিল করা হয়েছে।

চলমান পাতা নং-০২

Scanned with CamScanner

১০। এখানে বিশেষভাবে উল্লেখ্য, সমজাতীয় বিষয়ে অর্থাৎ ২০০৯-২০১০ অর্থবছর হতে বকেয়া এমপিও প্রাপ্তির দাবীতে ভিন্ন নথিতে উপস্থাপিত রিট **পিটিশন নং-৪৯৩৭/১৪ মামলা তথা দিনাজপুর জেলার হাকিমপুর** উপজেলাধীন হাকিমপু টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইনস্টিটিউট কর্তৃক কোন আপত্তি উত্থাপন না করে অব্যাহতভাবে ০২ (দুই) বছর বেতন ভাতা (এমপিও) প্রাপ্তির পর বকেয়া প্রাপ্তির আবেদন দেরীতে করার কারণে ২০০৯-১০ অর্থবছর হতে বকেয়া বেতন ভাতা পরিশোধে করতে আইনগত বাধা আছে কী-না, সে বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য আইন ও বিচার বিভাগকে অনুরোধ করা হয়।

১১। উক্ত অনুরোধের প্রেক্ষিতে আইন ও বিচার বিভাগ কর্তৃক গত ০১.১২.১৯ তারিখের ১৬২ সংখ্যক পত্রমূলের সাথে সংযুক্ত ২৫.১১.২০১৯ তারিখের সূত্রোক্ত (৪) নং পত্রমূলে প্রদত্ত মতামতে উল্লিখিত প্রতিষ্ঠানটিকে শিক্ষা মন্ত্রালয় কর্তৃক ২০০৯-২০১০ অর্থবছর হতে এমপিওভুক্ত করায় এবং মহামান্য আদালত কর্তৃক রিট মামলার রায়ে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের অনুকূলে (২০০৯-২০১০ হতে এমপিওভুক্ত করার নির্দেশনা প্রদান করায়) বকেয়া বেতন ভাতা (সরকারি অংশের) ঐ বছর হতে প্রদানের বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে" মর্মে মতামত প্রদান করা হয়েছে।

১২। উল্লেখ্য যে, উপরিউক্ত মতামত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত।

১৩। যেহেতু পূর্ব মাইজখার মহিলা দাখিল মাদ্রাসা'র শিক্ষক-কর্মচারীগণকে জুলাই/১৮ ও সেপ্টেম্বর/১৮ মাসে এমপিওভুক্তক্রমে বর্তমান এমপিও চালু আছে এবং যেহেতু মহামান্য হাইকোর্টের ২৮/০৫/১৫ খ্রি. তারিখের আদেশে (..MPO for the financial year 2009-2010.... উল্লেখক্রমে) উক্ত প্রতিষ্ঠানটি ২০০৯-২০১০ অর্থবছর হতে এমপিওভুক্তির নির্দেশনা রয়েছে এবং যেহেতু সরকার পক্ষে দায়ের করা লীভ টু আপীল নং- ৭৭০/১৬ মামলাটি খারিজ হয়ে গেছে এবং যেহেতু আইন ও বিচার বিভাগ কর্তৃকও বকেয়া প্রদানের স্বপক্ষে মতামত ব্যক্ত করা হয়েছে সেহেতু রিট মামলার রায় এবং আইন ও বিচার বিভাগের সুস্পষ্ট মতামতের আলোকে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণ-কে {প্রতিষ্ঠানটি শিক্ষা মন্ত্রণালয় হতে সূত্রোক্ত (১) নং স্মারকে প্রথম এমপিও তালিকাভুক্তির কার্যকারিতার তারিখ হতে} ২০০৯-২০১০ অর্থবছরের ০১/০৫/১০ হতে জুন/১৮ অথবা আগস্ট/১৮ যার জন্য যেটা প্রযোজ্য পর্যন্ত সময়ের বকেয়া বেতন ভাতা (এমপিও) প্রদান করা আইনানুগ হবে মর্মে প্রতীয়মান।

১৪। এক্ষণে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক-

(ক) রিট পিটিশন নং- ৫৭৯১/২০১৪ মামলার ২৮/০৫/১৫খ্রি. তারিখের রায়/নির্দেশনা অনুযায়ী কুমিল্লা জেলার চান্দিনা উপজেলাধীন পূর্ব মাইজখার মহিলা দাখিল মাদ্রাসা'র শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ২০০৯-২০১০ অর্থ বছরের ০১/০৫/১০ হতে জুন/১৮ অথবা জুলাই/১৮ যার জন্য যেটা প্রযোজ্য (বকেয়া দাবীকারী শিক্ষক-কর্মচারীগণ উক্ত সময়ে বর্ণিত প্রতিষ্ঠানে যোগদান এবং কর্মরত থাকার বিষয়টি নিশ্চিত হওয়া সাপেক্ষে) পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতা (এমপিও) প্রদান করা;

(খ) উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বকেয়া প্রদানের বিষয়টি উল্লেখ করে কনটেম্পট পিটিশন নং-৪২৭/২০২০ (রিট পিটিশন নং-৫৭৯১/২০১৪ হতে উদ্ভুত) মামলা সংশ্লিষ্ট আদালতে নিজস্ব আইনজীবী দ্বারা compliance report দাখিল করা;

(গ) যেহেতু যৌক্তিক কোন কারণ ছাড়াই ২৮৬ দিন পর আপিল দায়ের হওয়ায় তামাদির কারণে সরকার পক্ষ কর্তৃক দায়েরকৃত আপিল মামলাটি খারিজ হয়ে গেছে সেহেতু বর্তমান চলমান এবং ভবিষ্যতে দায়েরযোগ্য মামলাসমূহে সরকার পক্ষের স্বার্থ নিশ্চিতকরণের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করা;

১৫। এমতাবস্থায়, উল্লিখিত মতে ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী ২৫/০৩/২০২১খ্রি. তারিখের মধ্যে তথ্যাদি (প্রমাণকসহ) টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। যুগ্মসচিব (প্রশাসন-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, ঢাকা।
৮। সভাপতি / সুপারিনটেনডেন্ট (ভারপ্রাপ্ত), পূর্ব মাইজখার মহিলা দাখিল মাদ্রাসা, পো: বদরপুর, উপজেলা-চান্দিনা, জেলা-কুমিল্লা।
৯। অফিস কপি/মাস্টার কপি।

Scanned with CamScanner